

চারি উপাচার্যের বিরুদ্ধে শিবির লালনের অভিযোগ

যুগান্তর রিপোর্ট

চারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজসহ বিশ্ববিদ্যালয় প্রশাসনের বিরুদ্ধে জামায়াত-শিবিরীক প্রতিষ্ঠা, ছাত্রদলকে হেনস্তা ও অর্থের বিনিময়ে প্রশাসনিক পদে নিয়োগ প্রদানের অভিযোগ উঠেছে। বিএনপি ও জামায়াতপন্থী সাদা দলের ব্যানারে শিক্ষকদের কাছে এসব অভিযোগ সংবলিত লিফলেট বিতরণ করা হয়েছে। এতে বলা হয়েছে, উপাচার্যসহ জামায়াত-শিবির চক্র ও কিছুসংখ্যক দলীয়

সদস্যের পোভ-লাদসা, ক্রমতার অপব্যবহার ও চরিত্রহীনতার কারণে সাদা দল ধ্বংস হতে চলেছে। শুক্রবার বিকাল থেকে লিফলেট বিতরণ শুরু পরপরই ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। চারি সাদা দলের সদস্যদের প্রতি খোলা চিঠিতে বর্তমান প্রশাসনের অনিয়মের নমুনারূপে বলা হয়েছে, ছাত্রদলকে

হেনস্তা করে ছাত্রশিবিরকে প্রতিষ্ঠা করার দক্ষা তিন-চারটি হল ছাড়া সবগুলোতে জামায়াত সমর্থিত শিক্ষককে প্রভোস্ট করা হয়েছে। উপাচার্য তার বাসায় নিয়মিত শিবির নেতাদের নিয়ে বৈঠক করছেন। এতে বলা হয়, উপাচার্য যোগ্যতা ছাড়াই জামায়াত, নব্য সাদা দলীয় শিক্ষক ও আওয়ামীপন্থীদের

পদোন্নতিসহ নানা সুযোগ-সুবিধা দিয়ে এবং বিএনপিপন্থীদের 'লিপ সার্ভিস' দিয়ে কুশি রাখতে চাচ্ছেন যা সাদা দলের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনবে। এমনকি রাষ্ট্রপতির

অনুরোধও তিনি উপেক্ষা করেছেন যা ধৃষ্টতার শামিল। নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম প্রসঙ্গে বলা হয়েছে, উপাচার্যের জ্যেতসার বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার, সেকশন অফিসার পদে যথাক্রমে ৬ লাখ ও ৪ লাখ এবং অন্যান্য পদ অনুসারে ২ লাখ, ১ লাখ ও ৫০ হাজার টাকা, শিবির : পৃষ্ঠা ২ : কলাম ৮

ক্যাম্পাসে লিফলেট বিতরণ

শিবির : লালন

(৩য় পৃষ্ঠার পর)

নিম্নে এডহক ভিত্তিতে নিয়োগ দেয়া হচ্ছে। এ চক্রের সঙ্গে একটি ছাত্রী হল প্রভোস্ট, নবনির্মিত অপর এক হল প্রভোস্টসহ চারজন শিক্ষকের নাম উল্লেখ করা হয়েছে। ছাত্রী হলের ওই প্রভোস্টের সঙ্গে এদের মধ্যকার এক শিক্ষকের অবিধ সম্পর্ক রয়েছে বলে উল্লেখ করা হয়েছে। ওই শিক্ষকের ত্রী প্রশাসনের কাছে আনুষ্ঠানিকভাবে অভিযোগ করেও কোন প্রতিকার পাচ্ছেন না বলে জানা যায়।

সাদা দলের ত্যাগী ও সচেতন সদস্যদের ব্যানারে প্রচারিত লিফলেটে তাদের জামায় সাদা দলকে সংহত ও ঐক্যবদ্ধ করতে দুর্নীতিবাজ, চরিত্রহীন ও সুযোগ সন্ধানীদের প্রতিহত করার আহ্বান জানিয়ে বলা হয়েছে সামনে অনেক নির্বাচন এবং এতে জিততে হলে চক্রান্তকারীদের কখে দাঁড়াতে হবে।

অবশ্য সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ওয়াকিল আহমেদ এই লিফলেটের সঙ্গে তার দলের কোন সঙ্গীততা নেই উল্লেখ করে বলেছেন, দলের ভেতর জঙ্কন ধরতে কেউ এ ধরনের অপচেষ্টা চালাতে পারে। দলের বিরুদ্ধে যে কোন অভিযোগ সরাসরি করা যায়। কোন অপপ্রচারের প্রয়োজন হয় না।